30

দৈনিক ইনকিলাব

তারিখ ... 14 JAN 1994 ...
পৃষ্ঠা ... ৭৮ কলাম ... ৭ ...

# ১৫ জানুয়ারী ইসলামী বিশ্ববিদ্যালয় কর্মকর্তা সমিতির নির্বাচন

আগামী ১৫ জানুয়ারী '৯৪ ইসলামী বিশ্ববিদ্যালয় কর্মকর্তা সমিতির নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে। নজরুল-আমিনুল পরিষদ ইসলামী বিশ্ববিদ্যালয়ের মূল লক্ষ্য ও উদ্দেশ্যের প্রতি একাত্মতা ঘোষণা করতঃ কর্মকর্তাগণের ন্যায়সংগত দাবীর প্রতি গুরুত্ব আরোপ করে তা সমাধানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেছে। নজরুল-আমিনুল পরিষদ কর্মকর্তাগণের রায় পেলে নিম্নোক্ত কর্মসূচী বাস্তবায়নে আন্তরিক পদক্ষেপ গ্রহণে সচেষ্ট হবে বলে এক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়।

ইসলামী আদর্শ ও মূল্যবোধ সমুন্নত রেখে ইসলামী বিশ্ববিদ্যালয়ের সার্বিক উন্নয়নে বলিষ্ঠ ভূমিকা পালন।

কর্মকর্তাগণের নিয়োগ ও পদোন্নতি প্রণয়ন এবং বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ।

সম্পূর্ণভাবে নিরপেক্ষ থেকে বিশ্ববিদ্যালয়ের আইন/ সংবিধির আলোকে কর্মকর্তাগণের ন্যায়সংগত দাবী প্রতিষ্ঠার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ।

বিশ্ববিদ্যালয়ে কেন্দ্রীয়ভাবে (শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী সমন্বয়ে) "সমবায় সমিতি" চালুকরণের পদক্ষেপ গ্রহণ।

শিক্ষার মান বজায় রাখাসহ ইসলামী বিশ্ববিদ্যালয়কে আন্তর্জাতিক মানের একটি পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয়ে রূপান্তরের লক্ষ্যে কর্তৃপক্ষের প্রচেষ্টায় সহযোগিতা প্রদান।

ইসলামী বিশ্ববিদ্যালয়ের গরীব ও মেধাবী ছাত্র-ছাত্রীদেরকে আর্থিক অনুদান প্রদানের লক্ষ্যে একটি তহবিল (পুর ফাণ্ড) গঠনে কর্তৃপক্ষকে উদ্বুদ্ধ করার পদক্ষেপ গ্রহণ।

ইসলামী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীদের মধ্যে সম্প্রীতি ও সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক বজায় রাখার সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণ।